# কারমাইকেল কলেজ, রংপুর

## একাদশ বার্ষিক সাপ্লিমেন্টারী পরীক্ষা/২০২০

## বিষয়ঃ বাংলা, ইংরেজী ও আই সি টি

সময়ঃ ৩ ঘন্টা পূর্ণমানঃ ১০০

# বাংলা

বহুনির্বাচনী প্রশ্ন ৫x ১=৫

১। 'মাসি- পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?

ক. সমাচার দর্পণ খ. সমকাল গ. পূর্বাশ ঘ.ভারতী

২। টাওয়ার অব লন্ডন' কোন নদীর তীরে অবস্থিত?

ক. টাইগ্রিস খ. টেমস গ. সিন ঘ. ইউফ্রেটিস

৩। আলেকজান্দ্রিয়া ছিল –

i.উত্তর মিশরের প্রধান সমুদ্র বন্দর ii.সুপ্রাচীন নগর iii.গ্রিক সভ্যতার কেন্দ্র

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii গ. i,ii ও iii ঘ. i ও iii

উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।

দেখি নাই যারে, চিনি নাই যারে
শুনি নাই নাম কভু
তিনিই আজিকে দেবতা আমার
তিনিই আমার প্রভু ।

৪। উদ্দীপকের প্রভু 'মাসি-পিসি' রচনার কার সাথে সাদৃশ্যপূর্ণ?

ক. লেখকের খ. গোকুলের গ. জগুর ঘ. কৈলেশের

৫। উভয়ের মধ্যে যে বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে তা হলো :

ক. আধিপত্য খ. স্বৈরাচারী গ. পান্ডিত্য ঘ. অহংবোধ

সৃজনশীল প্রশ্ন

(যে কোন ৩ টি প্রশ্নের উত্তর দাও) ৩x ১০=৩০

১। "মাগো, ভাবনা কেন
আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি
তোমার ভয় নেই মা আমরা প্রতিবাদ করতে জানি"- এভাবেই দেশকে ভালোবেসে, দেশের মানুষকে ভালোবেসে এদেশের প্রতিবাদী মানুষ নিজের জীবনকে তুচ্ছ করে স্বাধীনতা সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিল। ছিনিয়ে এনেছিল স্বাধীন বাংলাদেশের পতাকা।

ক. 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধটি কোন গ্রন্থে সংকলিত? ১

খ. "আমরা অনশন ভাঙব না"- উক্তিটি বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের শেষ বাক্যটি 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধে কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের তাৎপর্য 'বায়ান্নর দিনগুলো'র চেতনার আলোকে বিশ্লেষণ কর। ৪

২। সাম্যের গান গাই
আমার চক্ষে পুরুষ রমণী কোন ভেদাভেদ নাই।
বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কলাণকর,
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম প্রকাশিত গল্পের নাম কী? ১
খ. 'মরণ ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি'- উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে মাসি-পিসি গল্পের সাদৃশ্য দেখাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত চরণগুলোর সাথে মাসি-পিসি গল্পের লেখকের মনোভাবের যথেষ্ট মিল পাওয়া যায়- এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৩। আমার দেশের মতন এমন দেশ কি কোথাও আছে
বউ কথা কও পাখি ডাকে নিত্য হিজল গাছে।
দোয়েল-কোয়েল-কুটুম পাখি , বন-বাদাড়ে যায়রে ডাকি
আছে শাপলা-শালুক ঝিলে-বিলে, ভরা পুকুর মাছে।
হাজার তারার মানিক জ্বলে হেথায় মাটির ঘরে
সবার মুখের মিষ্টি কথায় সবার হৃদয় ভরে রে।

ক. সবুজ ডাঙা কোন ঘাসে ভরে আছে? ১
খ. 'জলাংগীরে দেয় অবিরল জল'- বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের কোন বিশেষ দিকটি এই পৃথিবীতে এক স্থান আছে কবিতায় প্রকাশিত হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও এই পৃথিবীতে এক স্থান আছে কবিতার আলোকে বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দাও। ৪

৪। (ক) বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫
(খ) যে কোন পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ: ৫
নুন্যতম, দুরাবস্তা, শিরোচ্ছেদ, মুমুর্ষু, ইতিমধ্যে, আকাংখা, সমিচিন

# English (Full Marks 35)

**1.Fill in the blanks with an appropriate word in each gap. 1×10 =10**

Our liberation is the (a) —— achievement in our national life. It was (b) ——in 1971. We had been (c) —— Pakistani rule for twentyfive years. But the discrimination, (d) —— and suppression of the West Pakistani rulers (e) ——us to wage the Liberation War. Bangabandhu Sheikh Mujibur Rahman led the struggle for (f) —— . But soon he was (g) —— by the Pakistani rulers. However, people from all (h) —— of life took part in the war responding to the call and order of Bangabandhu. This war (i) —— a great protest against all forms of wrong doing. Now, we observe our independence with due (j) —— and solemnity.

**2. The following is the beginning of a story. Complete it within 80 words of your own. 10**

There was a naughty cowboy who grazed his cows beside a forest. He used to make fun with people crying Tiger! Tiger! ........................

3. **Complete the sentences using suitable clauses/phrases. 1×10=10**

a) English is an international language. __ __ you cannot get a good job.

b) Mobile phone is a wonder of modern science. But __ __.

c). He confessed that __ __ . So, I forgave him.

d) Female education is a crying need for our country. It is a good sign that nowadays __ __ .

e) Do not worry about me. I __ __ after I have finished my studies.

f) Unity is strength. United we stand, __ __ .

g) We had to walk through a jungle. We saw a snake while we __ __.

h) Everybody will go to the graveyard after death. A graveyard is a place __ __.

i) Once there was a farmer who had three sons. They were so lazy that __ __.

j) We must grow the habit of getting up early in the morning. The sooner we get
up, __ __ .

4. **Read the following passage and transform the underlined sentences as directed in brackets. 1×5=5**

(a) <u>As Ayesha Begum's husband had no land, he used to work on other people's land</u>. (Compound) (b) <u>With great effort they married their two daughters off when they reached teenage</u>. (Simple) (c) <u>Her only son went to town for earning his livelihood.</u> (Complex) (d) <u>Years of malnutrition and deprivation made them look older</u>. (Passive) (e) <u>Very few women were as needy as Ayesha Begum</u>. (Superlative)

## Information & Communication Technology (ICT) 30

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সৃজনশীল অংশ )

[ যে কোন ৩ টি প্রশ্নের উত্তর দাও]

১। শিক্ষা মন্ত্রনালয় হতে প্রত্যন্ত এলাকার একটি কলেজকে দশটি কম্পিউটার, একটি প্রিন্টার ও একটি মডেম প্রদান করা হয়। অধ্যক্ষ মহোদয়, একটি প্রিন্টারও মডেম ব্যবহার করে সবগুলো কম্পিউটার থেকে যেন প্রিন্ট নেওয়া যায় এমন ধরনের একটি নেটওয়ার্ক তৈরি করার প্রত্যাশা করছেন। প্রতিষ্ঠানটি 32kbps ইন্টারনেট স্পিড গ্রহণ করে। তবে নেটওয়ার্ক প্রতিষ্ঠিত হলেও ভিডিও কনফারেন্সিং করা যাচ্ছে না।

ক. ডেটা ট্রান্সমিশন কী? ১
খ. হাবের পরিবর্তে সুইচ ব্যবহার করলে কী সুবিধা পাওয়া যায়? ব্যাখ্যা কর। ২
গ. অধ্যক্ষ মহোদয়ের চাহিদা মোতাবেক সর্বোচ্চ সুবিধা গ্রহণের জন্য কোন ধরনের নেটওয়ার্ক ব্যবস্থা গ্রহণ করা যায়? চিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী ভিডিও কনফারেন্স করার জন্য কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায়? বিশ্লেষণ কর। ৪

২। একজন শিক্ষার্থীকে ভাজক,ভাগফল ও ভাগশেষ লিখতে বলায় সে যথাক্রমে ১০১, ১১০১ এবং ১১ লিখলো।

ক. অর অপারেশন কী ? ১
খ. ২৭৯ কোন সংখ্যা পদ্ধতির সংখ্যা নির্দেশ করে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপের আলোকে ভাজ্য নির্ণয় কর। ৩
ঘ.উদ্দীপকের ভাজ্যকে যদি ১০০১০১১ এর সাথে যোগের মাধ্যমে বিয়োগ করার জন্য কোন পদ্ধতি ব্যবহার করবে তা ব্যাখ্যা করে সমস্যাটির বিয়োগফল নির্ণয় কর। ৪

৩। নিচের উদ্দীপকটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলির উত্তর দাও।

আরমান স্যার শ্রেণিকক্ষে একজন শিক্ষার্থীকে একটি দ্বিঘাত সমীকরণ লিখতে বলায় সে $lx^2 + mx + n = 0$ লিখল।

ক. লুপ কী? ১
খ. চলকের নাম বিষয়বস্তুর সাথে সম্পর্কযুক্ত হওয়া উচিত- ব্যাখ্যা কর। ২
গ.উদ্দীপকের দ্বিঘাত সমীকরণের মূল নির্ণয় করার জন্য অ্যালগরিদম লিখ। ৩
ঘ. উদ্দীপকের দ্বিঘাত সমীকরণের চলকের সহগ ও ধ্রুবককে ব্যবহার করে উহাদের লসাগু নির্ণয় করার জন্য একটি সি প্রোগ্রাম লিখ। ৪

৪। নিচের উদ্দীপকটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলির উত্তর দাও।

ধাপ-১ ঃ শুরু কর।
ধাপ-২ ঃ N এর মান পড়।
ধাপ-৩ ঃ ধর S= 0 এবং I= 5
ধাপ-৪ ঃ S = S + I এবং I= I +3 নির্ণয় কর
ধাপ-৫ ঃ যদি $I \geq N$ সত্য হয় তাহলে ৬নং ধাপে যাও; অন্যথায় ৫নং ধাপে যাও।
ধাপ-৬ ঃ S এর মান ছাপাও।
ধাপ-৭ ঃ শেষ কর।

ক. Syntax Error কী? ১
খ. কী-ওয়ার্ডকে ভেরিয়েবল হিসেবে ব্যবহার করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২
গ.উদ্দীপকের আলোকে প্রবাহ চিত্র অংকন কর। ৩
ঘ.উদ্দীপকের অ্যালগরিদমএর জন্য do while ব্যবহার করে N=100 এর জন্য সি প্রোগ্রাম লিখ। ৪